# জাতীয় বিশ্ববিদ্যালয়
## পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
বাংলাদেশ।

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/৩৫৮০/ তারিখঃ ২৫/০৩/২০২৫

## বিজ্ঞপ্তি

**২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার প্রকাশিত ফলাফলের উত্তরপত্র পুনঃমূল্যায়ণের আবেদন প্রসঙ্গে**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার প্রকাশিত ফলাফলের উত্তরপত্র পুনঃমূল্যায়ণের জন্য আগামী ০৬/০৪/২০২৫ তারিখ সকাল ১০.০০টা থেকে ১৫/০৪/২০২৫ তারিখ বিকাল ৪.০০টা পর্যন্ত Online-এ আবেদনসহ ব্যাংকে টাকা জমা দেয়া যাবে।

Pay Slip সংগ্রহ ও জমাদানের নিয়মাবলী ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **http://103.113.200.36/PAMS/ICTUnit/Re-scruting.aspx** থেকে Online-এ আবেদন Form পূরণ ও Pay Slip ডাউনলোড করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে টাকা জমা দিতে হবে অথবা সোনালী ব্যাংকে Online payment gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং সেবা-নগদ,বিকাশ,রকেট অথবা বিভিন্ন ধরণের কার্ড যেমন ঃ AMERICAN EXPRESS, VISA, DBBL,NEXUS, MASTER CARD অথবা সোনালী ব্যাংকের হিসাবধারীরা নিজ হিসাব নম্বর থেকে Online-এ টাকা ট্রান্সফার করে আবেদন করতে পারবে। ফি জমাদানের সাথে সাথে আবেদন প্রক্রিয়া শেষ হবে।

নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে আবেদন ফরম পূরণ করা, Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে এবং পরবর্তীতে যে কোন প্রকার জটিলতার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনের কপি বা পে-স্লিপের কপি বিশ্ববিদ্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় নেই। আবেদনের সময় পত্রকোড অত্যন্ত সতর্কতার সঙ্গে পূরণ করতে হবে। ভুল কোডে আবেদন করলে পরবর্তীতে কোনভাবেই সংশোধন করা যাবে না।

উল্লেখ্য, ফলাফল পুনঃমূল্যায়ন ফি প্রতিপত্র ১,২০০/-(এক হাজার দুইশত) টাকা।

বিঃ দ্রঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত অথবা যে কোন তথ্যের জন্য www.nu.ac.bd ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি ব্যতীত অন্য কোনো সূত্র থেকে প্রাপ্ত তথ্য অনুসরণ না করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোনঃ ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইলঃ controller@nu.edu.bd

CS CamScanner